

শ্রীশ্রীহরি সঙ্গীত

১০৫ নং তাল-গড়খেমটা

তুমি নাই রূপে কানাই, তোমায়ে পলকে হারাই।

আড়ালে লুকায়ে রলি, খুঁজে নারে পাই

কেঁদে কেঁদে বুক ভাসাই।।

- ১। তুইরে আমার চক্ষের মণি, বক্ষের ধন দুঃখ হানি।
মরিরে মোর গুণমণি, লয়ে তোর বালাই।।
- ২। আমারে কাঁদালে দুঃখে, তুমি যদি থাক সুখে।
দুঃখের বোঝা দাও আমাকে, বহিয়া বেড়াই।।
- ৩। সুখময় সুখের নিধি, সুখে থাক নিরবধি।
আমি দুঃখে থাকি যদি, তাতে ক্ষতি নাই।।
- ৪। ভুক্তি মুক্তি সুখ শান্তি, তার মত সুখ নাই এক ক্রান্তি।
তুমি যাতে থাক শান্তি, তার মত সুখ নাই।।
- ৫। তারকচাঁদ ডেকে বলে, অশ্বিনী তুই অবোধ ছেলে।
যত্ন বিনে রত্ন মিলে, কভু শুনি নাই।।

১০৬ নং তাল-কারফা

চলরে স্বদলে সেই ভজন বাদীর রণস্থলে।

এ রণে না জয়ী হইলে, পড়বিরে বিষম গোলমালে।।

- ১। কর রণের যড়যন্ত্র, শুদ্ধ রেখ হৃদয় যন্ত্র,
ছেড়ে অন্য তন্ত্র মন্ত্র, (হরি) নামের কামনা লওরে তুলে।।
- ২। শঙ্কারথে কর রথী, বিবেক বন্ধু সেনাপতি,
মন পবন কর সারথী, চলবে রথ তালে তালে।।
- ৩। রণে পাঠাও মন মাতঙ্গ, রণে যেন দেয় না ভঙ্গ,
বিপক্ষের সেনা অনঙ্গ, যেন তার রণে পড়ে না ঢলে।।
- ৪। অনুরাগকে পাঠাও রণে, যুদ্ধ করুক ক্রোধের সনে,
বিনাশ করুক সহজ বাণে, শঙ্কা যায় সেই ক্রোধ মলে।।